

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ
doict.trishal.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৯৪.০০০.১৮.০০৩.২৩.১৬

তারিখ: ২০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ত্রিশাল উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: ত্রিশাল উপজেলার ফেব্রুয়ারী/২০২৩ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ক্র.নং-১৭, তারিখ: ০৯/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ত্রিশাল উপজেলার ফেব্রুয়ারী/২০২৩ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ক্র.নং-১৭ অনুযায়ী উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম শতভাগ করার নির্দেশনা প্রদান করা হয়।

উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরসমূহের নিজস্ব ওয়েব পোর্টালে তাদের অফিস সম্পর্কিত বিস্তারিত তথ্য, নোটিশ, খবর, জনবল (অফিস প্রধান, প্রাক্তন অফিস প্রধানগণ, কর্মকর্তা, কর্মচারী, সাংগঠনিক কাঠামো ও তথ্য প্রদানকারী কর্মকর্তা), সেবার তালিকা, সিটিজেন চার্টার, যোগাযোগ (ডাক যোগাযোগ, অফিস যোগাযোগ), অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, কর্মসম্পাদন ব্যবস্থাপনা ইত্যাদি সেবা বক্স সমূহের তথ্য আপলোড করা হয় নাই।

এমতাবস্থায় আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩-০৪-২০২৩

মাহমুদা আখতার
সহকারী প্রোগ্রামার

উপজেলা কর্মকর্তা (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৯৪.০০০.১৮.০০৩.২৩.১৬/১ (৪)

তারিখ: ২০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ;
- ৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ এবং
- ৪। অফিস কপি।



০৩-০৪-২০২৩

মাহমুদা আখতার
সহকারী প্রোগ্রামার